গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক এর কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
রাজস্ব শাখা
www.bandarban.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মুলমন্ত্র

স্মারক : ৩১.৪২.০৩০০.৩০৩.০১.০০১.২০১৯-১২৭৭

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪২৬
১৭ নভেম্বর ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ২৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৪৭.১৪.৬৮৫ সংখ্যক ছাড়পত্র অনুযায়ী এবং বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম এর ০৫ নভেম্বর ২০১৯ তারিখের ০৫.৪২.০০০০.০০৩.৩.০১৪.১৯-৮৯ সংখ্যক পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসক এর কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলার অধীনস্থ নবসৃষ্ট উপজেলা ভূমি অফিসসমূহে ০৫টি **''অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক''** শূন্য পদে অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | শূন্যপদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল (২০১৫) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৫(পাঁচ) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | যেকোন স্বীকৃত বোর্ড হতে এইচ. এস. সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার টাইপিং এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ৩০ শব্দ হতে হবে। |

**শর্তাবলী :**

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৩। আবেদন সরকার কর্তৃক নির্ধারিত ফরমে আগামী ১৫ ডিসেম্বর ২০১৯ তারিখ অফিস সময়ের মধ্যে জেলা প্রশাসক, বান্দরবান এর দপ্তরে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরিত এবং বিলম্বে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৫। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৬। প্রার্থীর বয়স ১৫ ডিসেম্বর ২০১৯ তারিখে অবশ্যই ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান ও প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৭। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.mopa.gov.bd ওয়েবসাইট অথবা জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলার www.bandarban.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৮। পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের যে কোন শাখায় ১-০৭৪২-০০০১-২০৩১ নম্বর কোডে জমাকরণের প্রমাণপত্র হিসেবে ট্রেজারি চালান সংযুক্ত করতে হবে।

৯। আবেদনপত্রের সাথে নিম্নোল্লিখিত কাগজপত্রাদি যুক্ত করতে হবে :

ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত প্রার্থীর সম্প্রতি তোলা ০৩(তিন) কপি ৫ সে.মি. X ৫ সে.মি. আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি। সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

খ) প্রার্থীর নিজ পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ ও জন্ম নিবন্ধন সনদ।

গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত)।

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।

ঙ) প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০(দশ) টাকা মূল্যের ডাকটিকিটযুক্ত ৪.৫´´ × ১০´´ সাইজের একটি খাম।

চ) স্থায়ী বাসিন্দা সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত)।

ছ) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার/মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য হলে নির্ধারিত ফরমের সাথে নিম্নে প্রদত্ত ছক অনুয়ায়ী তথ্যাদি।

চলমান পাতা- ০২

## মুক্তিযোদ্ধাদের তথ্য

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তিবার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয় পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধীকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

১০। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হবে।

১১। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১২। মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার-ভিডিপি/ এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি বিধিবিধান অনুসরণ করা হবে । এক্ষেত্রে প্রার্থীকে তার দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১৩। কর্তৃপক্ষ প্রয়োজনে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে কেউ চাকরিতে নিয়োগ পেলে তার নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষাকালীন নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, কম্পিউটার দক্ষতার সনদ ও কোটা দাবীর সমর্থনে সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

১৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার দক্ষতা যাঁচাই এর জন্য ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় অকৃতকার্য প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন না।

১৮। জনপ্রশাসন মন্ত্রণালয়ের, বিধি-১ শাখার ৩০ জুন ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৭০.২২.০৬২.১৩-১৫২ সংখ্যক পত্রের নির্দেশনা অনুযায়ী এ নিয়োগের ক্ষেত্রে কোনো বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, এতিম ও শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) কোনো পদে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে উক্ত শূন্যপদ সাধারণ প্রার্থীদের মধ্য থেকে মেধা তালিকা অনুযায়ী পূরণ করা হবে।

১৯। বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম কর্তৃক লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগ করা হবে।

২০। প্রার্থীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৭/১/১৯

মোহাম্মদ দাউদুল ইসলাম
জেলা প্রশাসক
ফোন:০৩৬১-৬২৫০১; ফ্যাক্স: ০৩৬১-৬২৫৯০
E-mail: dcbandarban@mopa.gov.bd

স্মারক : ৩১.৪২.০৩০০.৩০৩.০১.০০১.১৯-১২৭৯

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪২৬
১৭ নভেম্বর ২০১৯

ক. অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

**খ. অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।
০২। সিভিল সার্জন, বান্দরবান পার্বত্য জেলা।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
০৪। মেয়র, বান্দরবান পৌরসভা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার(সকল)..........................................উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
০৬। মেয়র, লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।
০৭। সহকারী কমিশনার(ভূমি)(সকল)...........................................উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
০৮। জেলা তথ্য অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।
০৯। জেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বান্দরবান জেলা ইউনিট, বান্দরবান পার্বত্য জেলা।
১০। সম্পাদক, দৈনিক ইত্তেফাক/দৈনিক নতুন বাংলাদেশ।- উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় **২১ নভেম্বর ২০১৯** তারিখের পূর্বে (ছুটির দিন ব্যতীত)যে কোন ১(এক) দিন ৪ কলামে ১৫” ইঞ্চি প্রচারের জন্য অনুরোধ করা হল।
১১। নোটিশ বোর্ড।

১৭/১১/১৯
মোহাম্মদ দাউদুল ইসলাম
জেলা প্রশাসক

বরাবর
জেলা প্রশাসক,
বান্দরবান পার্বত্য জেলা

৫ x ৫ সে.মি. ছবি
(সম্প্রতি তোলা, দুই কপি)

# চাকরির আবেদন ফরম

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নামঃ | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বরঃ | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায় : | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর : | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্মস্থান (জেলা) : | |
| ৭. | **বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স :** | বছর | মাস | দিন | | | | | | | |
| ৮. | মাতার নাম : | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম : | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | |
| | ডাকঘর : | | |
| | পোস্টকোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |
| ১১. | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর : | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা : | ১৩. | জেন্ডার : |
| ১৪. | ধর্ম : | ১৪. | পেশা : |

১৬. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) : |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | | | তারিখঃ দি ন মা স ব ৎ স র |
| | ব্যাংক ও শাখার নাম : | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর